PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–102

(ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। মানুষের ভাষা এবং অন্যান্য প্রাণীর ভাষার পার্থক্যগুলি বিস্তারিতভাবে আলোচনা করো। ভাষাবিজ্ঞানের বিভিন্ন শাখাগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৪+১০=১৪

২। 'লাং' ও 'পারোল' বলতে কী বোঝো? স্যসুর-এর নামে প্রকাশিত বইটির সম্পাদনা কারা করেছিলেন? ঐতিহাসিক ভাষাবিজ্ঞানে ভাষার সম্ভাব্য অতীত রূপকে নির্ণয় করার জন্য যে পদ্ধতিগুলি গ্রহণ করা হয় সেগুলি নিয়ে আলোচনা করো। ২+২+১০=১৪

খ—গুচ্ছ

৩। বাংলা ভাষার আদি উৎস কোন্ ভাষা? আদি উৎস থেকে অনেকগুলি স্তর পেরিয়ে বিবর্তনের মধ্য দিয়ে কীভাবে বাংলা ভাষা জন্ম লাভ করেছে তা আলোচনা করো। ১+১৩=১৪

৪। প্রাচীন বাংলার সাহিত্যিক নিদর্শন কী? প্রাচীন বাংলার সময়সীমা উল্লেখ করে সেই সময়ের ভাষার তিনটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো। ১+১+৬+৬=১৪

গ—গুচ্ছ

৫। রূপিম কাকে বলে? শব্দ এবং অক্ষরের সঙ্গে রূপিমের পার্থক্য কী তা উদাহরণ দিয়ে আলোচনা করো। ৪+৫+৫=১৪

৬। বাংলা থেকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো : ১৪

আমি শুনছি। বিশ্বাস করতে এখনো পারছি না। তবে শুনতে শুনতে তোমার মাকে দেখতে দেখতে একদিন বিশ্বাস করতে পারব তাও জানি বীরসা। এখন শুধু শুনি তবে? উলগুলানের শেষ নাই। বীরসার মরণ নাই।

ঘ—গুচ্ছ

৭। উপভাষা কাকে বলে? বরাক উপত্যকার উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৪+৫+৫=১৪

৮। বাক্য শব্দটির অর্থ কী? 'সাহিত্য দর্পণ'-এ বাক্যের কী কী লক্ষণের কথা বলা হয়েছে? ''ছিল বেড়াল হয়ে গেল রুমাল।'' এটা কি বাক্য? যদি বাক্য হয় তবে তা কীভাবে হতে পারে, আলোচনা করো। ২+৭+৫=১৪

ঙ—গুচ্ছ

৯। দুজন সমাজভাষাবিজ্ঞানীর নাম লেখো। ভাষা পরিকল্পনা বলতে কী বোঝো? ভাষার মান্যায়ণে যে পদ্ধতিগুলি আরোপ করা হয় তা আলোচনা করো। ২+২+১০=১৪

১০। বাংলা বানানবিধি নিয়ে যাঁরা চর্চা করেছেন তাঁদের মধ্যে উনিশ শতকের দুজন এবং বিশ শতকের প্রথমার্ধের দুজন ব্যক্তির নাম লেখো। বাংলা লিপি ব্যবহার প্রসঙ্গে বাংলা আকাদেমির যে সিদ্ধান্ত সেগুলি উল্লেখ করো। ২+১২=১৪

★★★